

## পিতার প্রতি

وَادْكُرْ فِي الْكِتَابِ إِبْرَاهِيمَ إِنَّهُ كَانَ صِدِّيقًا نَبِيًّا، إِذْ قَالَ لِأَبِيهِ يَا  
أَبَتِ لِمَ تَعْبُدُ مَا لَا يَسْمَعُ وَلَا يُبْصِرُ وَلَا يُغْنِي عَنْكَ شَيْئًا، يَا  
أَبَتِ إِنِّي قَدْ جَاءَنِي مِنَ الْعِلْمِ مَا لَمْ يَأْتِكَ فَاتَّبِعْنِي أَهْدِكَ  
صِرَاطًا سَوِيًّا، يَا أَبَتِ لَا تَعْبُدِ الشَّيْطَانَ إِنَّ الشَّيْطَانَ كَانَ  
لِلرَّحْمَنِ عَصِيًّا، يَا أَبَتِ إِنِّي أَخَافُ أَنْ يَمَسَّكَ عَذَابٌ مِّنْ  
الرَّحْمَنِ فَتَكُونَ لِلشَّيْطَانِ وَلِيًّا- (মরিয়ম- ৪৫-৪৬)

‘তুমি এই কিতাবে ইবরাহীমের কথা বর্ণনা কর। নিশ্চয়ই তিনি ছিলেন সত্যবাদী ও নবী’ (১৯/৪১)। ‘যখন তিনি তার পিতাকে বললেন, হে আমার পিতা! তুমি তার পূজা কেন কর, যে শোনে না, দেখে না এবং তোমার কোন উপকারে আসে না? (৪২)। ‘হে আমার পিতা! আমার কাছে এমন জ্ঞান এসেছে, যা তোমার কাছে আসেনি। অতএব তুমি আমার অনুসরণ কর। আমি তোমাকে সরল পথ দেখাব’ (৪৩)। ‘হে আমার পিতা! শয়তানের পূজা করো না। নিশ্চয়ই শয়তান

দয়াময়ের অবাধ্য' (৪৪)। 'হে আমার পিতা!  
আমি আশংকা করছি যে, দয়াময়ের একটি  
আঘাব তোমাকে স্পর্শ করবে, অতঃপর তুমি  
শয়তানের বন্ধু হয়ে যাবে' (মারিয়াম ১৯/৪১-  
৪৫)।

অন্যত্র আল্লাহ বলেন,

وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ لِأَبِيهِ آزَرَ اتَّخِذْ أَسْنَامًا آلِهَةً إِنِّي أَرَاكَ  
۹۸- وَقَوْمَكَ فِي ضَلَالٍ مُّبِينٍ - (الأنعام)

'স্মরণ কর, যখন ইবরাহীম তার পিতা  
আঘরকে বললেন, তুমি কি প্রতিমা সমূহকে  
উপাস্য মনে কর? আমি দেখতে পাচ্ছি যে,  
তুমি ও তোমার সম্প্রদায় স্পষ্ট বিভ্রান্তির মধ্যে  
রয়েছ' (আন'আম ৬/৭৪)।

কিন্তু ইবরাহীমের এই প্রাণভরা আবেদন পিতা  
আঘরের হৃদয় স্পর্শ করল না। রাষ্ট্রের প্রধান  
পুরোহিত এবং সম্রাটের মন্ত্রী ও প্রিয়পাত্র  
হওয়ায় সম্ভবত: বিষয়টি তার প্রেস্টিজ ইস্যু

হয়। যেমন আল্লাহ বলেন, وَإِذَا قِيلَ لَهُ اتَّقِ اللَّهَ، 'যখন  
তাকে বলা হয়, আল্লাহকে ভয় কর, তখন তার  
সম্মান তাকে পাপে স্ফীত করে। অতএব তার  
জন্য জাহান্নামই যথেষ্ট। আর নিঃসন্দেহে তা  
হ'ল নিকৃষ্টতম ঠিকানা' (বাক্বারাহ ২/২০৬)।  
বস্তুতঃ অহংকারীদের চরিত্র সর্বত্র ও  
সর্বযুগে প্রায় একই হয়ে থাকে।

### **পিতার জবাব:**

পুত্রের আকুতিপূর্ণ দাওয়াতের উত্তরে পিতা  
বলল, قَالَ أَرَأَيْتَ أَنْتَ عَنْ آلِهَتِي يَا إِبْرَاهِيمُ لَئِن لَّمْ تَنْتَه  
(হে ইবরাহীম! ৪৬-لَأَرْجُمَنَّكَ وَاهْجُرْنِي مَلِيًّا- (মরিয়ম  
তুমি কি আমার উপাস্যদের থেকে মুখ ফিরিয়ে  
নিচ্ছ? যদি তুমি বিরত না হও, তবে আমি  
অবশ্যই পাথর মেরে তোমার মাথা চূর্ণ করে

দেব। তুমি আমার সম্মুখ হ'তে চিরতরের জন্য  
দূর হয়ে যাও' (মারিয়াম ১৯/৪৬)।

### ইবরাহীমের জবাব:

পিতার এই কঠোর ধমকি শুনে পুত্র ইবরাহীম  
বললেন,

قَالَ سَلَامٌ عَلَيْكَ سَأَسْتَغْفِرُ لَكَ رَبِّي إِنَّهُ كَانَ بِي حَفِيًّا، وَأَعْتَزِلُكُمْ  
وَمَا تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ وَأَدْعُو رَبِّي عَسَىٰ أَلَّا أَكُونَ بِدُعَاءِ  
89-88- (رَبِّي شَقِيًّا) - (مريم)

‘তোমার উপরে শান্তি বর্ষিত হৌক! আমি  
আমার পালনকর্তার নিকটে তোমার জন্য  
ক্ষমা প্রার্থনা করব। নিশ্চয়ই তিনি আমার প্রতি  
মেহেরবান’। ‘আমি পরিত্যাগ করছি  
তোমাদেরকে এবং আল্লাহ ব্যতীত যাদের

তোমরা পূজা কর তাদেরকে। আমি আমার  
পালনকর্তাকে আহ্বান করব। আশা করি  
আমার পালনকর্তাকে আহ্বান করে আমি  
বঞ্চিত হব না' (মারিয়াম ১৯/৪৭-৪৮)।